

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ অধিশাখা
www.lgd.gov.bd

নথি নং-৪৬.০১৮.০৩০.০০.০০.০০৫.২০১১-৪৫

তারিখ : ১৩ মাঘ, ১৪২৩
২৬ জানুয়ারি, ২০১৭

বিষয়ঃ “বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের প্রভাব/ফলাফল নিরূপণে সমীক্ষা কাজে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান **Innovation on Poverty Action (IPA)** কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।


সূত্র : “বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের পত্র নং-০৭, তারিখ : ১০/০১/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউএনডিপি বাংলাদেশ, ইউরোপিয়ান ইউনিয়ন ও বাংলাদেশ সরকার-এর আর্থিক ও কারিগরি সহায়তায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৪ বছর মেয়াদী (২০১৬-২০১৯) “বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প (২য় পর্যায়)” বাংলাদেশের ২৭টি জেলার ১২৮টি উপজেলার ১,০৮০টি ইউনিয়ন পরিষদে বাস্তবায়িত হচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় “Impact Evaluation” শীর্ষক দীর্ঘমেয়াদী সমীক্ষা কার্য সম্পাদনের লক্ষ্যে Innovation on Poverty Action(IPA) নামক পরামর্শক প্রতিষ্ঠানকে নিয়োগ দেওয়া হয়েছে। এই দীর্ঘমেয়াদী সমীক্ষা তিনটি ধাপে (Baseline, Midline, End line) তথ্য সংগ্রহ করে তুলনামূলক বিচার-বিশ্লেষণ করে প্রকল্পের প্রভাব পরিমাপ করবে। উক্ত সমীক্ষার আওতায় প্রথম ধাপে Baseline Survey- এর মাধ্যমে নিম্নলিখিত বিষয়ে তথ্য সংগ্রহ করা হবেঃ

- গ্রাম আদালত সম্পর্কে স্থানীয় সাধারণ মানুষের সচেতনতা, আইনি সেবা গ্রহণ করার অভিজ্ঞতা ও সম্ভ্রুতি (যদি থাকে);
- ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সচিব ও সদস্যদের গ্রাম আদালত সম্পর্কে জ্ঞান, মনোভাব ও চর্চা;
- গ্রাম আদালতের মাধ্যমে নারীর ক্ষমতায়ন প্রক্রিয়া;
- অর্থনৈতিক ও সামাজিক অবস্থার উপর গ্রাম আদালতের প্রভাব;

০২। প্রকল্প কর্তৃক নিয়োগপ্রাপ্ত উপরোক্ত প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহকারীগণ ২৮/০১/২০১৭ থেকে ৩০/০৪/২০১৭ তারিখ পর্যন্ত মার্চ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ করবেন। এ লক্ষ্যে উক্ত তথ্য সংগ্রহকারীগণ আপনার জেলায় তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য এলাকার সাধারণ মানুষ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউপি সচিব, ইউপি সদস্য ও সমীক্ষার সাথে সংশ্লিষ্ট অন্যান্যদের সাথে মতবিনিময় করবেন। এছাড়া, উক্ত তথ্য সংগ্রহকারীগণ ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত সংশ্লিষ্ট নথিপত্রও পর্যবেক্ষণ করবেন।

০৩। এমতাবস্থায়, “বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের প্রভাব/ফলাফল নিরূপণে সমীক্ষা কাজে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান Innovation on Poverty Action (IPA)-কে ২৮/০১/২০১৭ থেকে ৩০/০৪/২০১৭ পর্যন্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. সৈয়দা নওশীন পারভীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৪১৯০

জেলা প্রশাসক

-----জেলা।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার-----উপজেলা-----জেলা।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান-----ইউনিয়ন পরিষদ-----উপজেলা-----জেলা।
৬. জাতীয় প্রকল্প সমন্বয়ক, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প (২য় পর্যায়), আগারগাঁও, ঢাকা।
৭. কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, আইপিএ বাংলাদেশ, বনানী, ঢাকা।